গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৪ তম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক(প্রশিক্ষণ) এবং ইনোবেশন অফিসার (ভারপ্রাপ্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ৩১ জুলাই ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু জরেন । সদস্য সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, পরিচালক(প্রশিক্ষণ) এবং ইনোভেশন অফিসার (ভারপ্রাপ্ত) মহোদয়কে ইনোভেশন টিমের পক্ষ থেকে স্বাগত জানান এবং সেলের কার্যক্রম অবহিত করেন। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ৭টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় মেন্টর ও মেন্টিগণের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনায় জানা যায় যে এমাসে মেন্টরগণের কাজের উল্লেখযোগ্য অগ্রগতির কোন তথ্য নাই।

২। সভাপতি বলেন যে, স্ব স্ব মেন্টিগণের সাথে যোগাযোগের মাধ্যমেই প্রচেষ্টা অব্যাহত রেখে দ্রুত ফল আনতে হবে। যে সকল মেন্টির নিকট হতে এযাবৎ তথ্য পাওয়া গেছে সেগুলো পরিকল্পনা মাফিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। যারা এখনও উপকরণ-১৩ পাঠায়নি তাদের সাথে কার্যকর যোগাযোগ পূর্বক অসমাপ্ত কার্যক্রম সমাপ্তকরনের অনুরোধ জানানো হয়।

৩। সদস্য সচিব জানান ২০১৭-২০১৮ অর্থবছরের ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ১৩জন ইনোভেটরকে সম্মাননা হিসেবে ক্রেস্ট ও সনদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। SIF Fund: প্রস্তুতকৃত ডেমোটি ভেন্ডর কর্তৃক ২য় বার প্রদর্শন করেছেন। প্রাপ্ত ত্রুটি সমূহ সংশোধনপূর্বক শীগ্রই ভেন্ডর চূড়ান্ত সফটওয়ারটি সরবরাহ করবে।

৫। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস "যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার" অগ্রগতির বিষয়ে জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, প্রস্তুতকৃত সফটওয়ারটি চূড়ান্ত করা হয়েছে। কিন্তু ২০১৭-২০১৮ অর্থবছরে ভেন্ডরের বিল পরিশোধ করতে না পারায় ভেন্ডর সফটওয়ারটি সরবরাহ করা থেকে বিরত রয়েছে।

৬। অধিদপ্তরের ১ম ই-সার্ভিস বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক সভাকে জানান যে, অধিদপ্তরের ১ম ই-সার্ভিস "ঋণ সেবাকে ই-সেবায়" রূপান্তরের লক্ষ্যে প্রণীত সফটওয়্যারের মাধ্যমে ক) কুষ্টিয়ার কুমারখালীতে ২টি ঋণ অনুমোদন সভা অনুষ্ঠিত হয়েছে। প্রাপ্ত আবেদন সংখ্যা-৯১টি, মঞ্জুরের সংখ্যা-২৭টি, মঞ্জুরের হার- ৩০%। খ) মানিকগঞ্জে এ পর্যন্ত ৩টি ঋণ অনুমোদন সভা অনুষ্ঠিত হয়েছে। প্রাপ্ত আবেদন সংখ্যা-৫০টি, মঞ্জুরের সংখ্যা-২৯টি, মঞ্জুরের হার- ৫৮% তিনি আগামী বছরে ই-সেবা কার্যক্রমকে ২টি পাইলট উপজেলা হতে ২টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণ করার পরিকল্পনার কথা সভাকে অবহিত করেন।

৭। সদস্য সচিব জানান যে, কর্মপরিকল্পনায় নির্দেশিত সম্মানীত সদস্যগণের যার যা করণীয় রয়েছে তা যথা সময়ে বাস্তবায়নের লক্ষ্যে বাজেট প্রস্তুত করতঃ ৩ দিনের মধ্যে সভাপতির নিকট পেশ করার সিদ্ধান্ত ছিল। শুধুমাত্র ০৪টি প্রস্তাবিত বিষয়ের চাহিদা ও বাজেট বিভাজন অর্থ শাখায় প্রেরন করা হয়েছে (১) ইনোভেশন প্রশিক্ষণ আয়োজন

২) ঋণের ই-সেবা কার্যক্রম, ২টি পাইলটভুক্ত উপজেলা হতে ২টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণ ৩) দ্বিতীয় ই-সেবা "যুব সংগঠন রেজিস্ট্রেশন" পাইলটিং) ৪) মনোনীত ইনোভেটরদেরকে সম্মাননা প্রদান। অবশিষ্ট ০৪টি প্রস্তাবিত বিষয়ের চাহিদা ও বাজেট বিভাজন জরুরীভিত্তিতে সভাপতির নিকট পেশ করার জন্য অনুরোধ করেন।

৮। সোস্যাল মিডিয়া: জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স), সভাকে জানান যে, চলতি মাসে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন অনুষ্ঠান/কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ Upload করা হয়েছে। চলতি মাসে সেবা গ্রহীতাদের কোন অভিযোগমূলক Post পাওয়া যায় নাই এবং এমাসে নতুন ১৪২৫ জন সদস্য Facebook পাতায় যুক্ত হয়েছেন।

৯। সেবা সহজীকরন: নাগরীক সেবা সহজীকরণের লক্ষ্যে ৪টি সেবার নাম পেশ করার লক্ষ্যে সদস্যগণের ব্যাপক আলোচনান্তে নিম্নবর্নিত ০১টি নাগরীক সেবার প্রস্তাব গৃহীত হয়-

১) উপজেলা হতে নির্ধারিত কোটা অনুযায়ী প্রাতিষ্ঠানিক প্রশিক্ষনার্থী বাছাইপূর্বক জেলা কার্যালয়ে মনোনয়ন প্রেরন।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

সুপারিশঃ

০১। সকল মেন্টরকে তাদের জন্য নির্ধারিত মেন্টরের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

০২। আগামী বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব স্ব সদস্যের বাজেট বিভাজন পরবর্তী ৩ দিনের মধ্যে পেশ ;

০৩। প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা মাফিক প্রত্যেক সদস্যের বিবরণীতে প্রদর্শিত দায়িত্ব যথাযথ পালনে পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণ এবং মাসিক সভায় অগ্রগতি উপস্থাপন ;

০৪। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহযোগ্য সফটওয়্যার দ্রুত সংগ্রহ নিশ্চিত করা ;

০৫। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভূক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৬। ঋণের ১ম এবং ২য় ই-সার্ভিস প্রণয়নের লক্ষ্যে প্রাপ্ত সফটওয়্যার দুইটি কার্যক্রমের অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;

০৭। প্রত্যেক সদস্য কর্তৃক নাগরীক সেবা সহজীকরণের লক্ষ্যে ৪টি সেবার নাম পেশ করার লক্ষ্যে সুপারিশ গ্রহণ;

০৮। ২য় ই-সার্ভিস "যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া" এর প্রস্তুতকৃত সফটওয়ারটির ভেন্ডরের বিল পরিশোধ করতে অর্থ শাখাকে অনুরোধ জানানো।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

৮/৮/১৮

(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক(প্রশিক্ষণ)
এবং
ইনোভেশন অফিসার (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৫৩২৮৮
e-mail: dirtraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৪৮ তারিখঃ ০৮/০৮/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি ।

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

৩১/০৭/২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপপরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
২.	জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৩.	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৪.	মোঃ ফজলুল হক সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৫.	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৬.	মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৮.	জনাব ফরহাত নূর উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৯.	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
১০.	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক(ইলেকট্রনিক্স)	স্বাক্ষরিত